বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

## বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ২০-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩১ তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ এর সভাপতিত্বে তার অফিস কক্ষে বিগত ২০-১১-১৮ তারিখ সকাল ১১.০০টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর মনিটরিং ইউনিট, পরিপালন ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিম (আইসিটি) এর ৩১ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় আইসিসি এর সকল ইউনিট এর নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | ইউনিট পদবী |
|---|---|---|
| ০১। | মিসেস লুৎফুন নাহার নাজ,উপমহাব্যবস্থাপক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০২। | জনাব আবুল কালাম ভূঁইয়া, উপমহাব্যবস্থাপক প্রত্যবেক্ষনওনিরীক্ষা বিভাগ- ২,বিকেবি,প্রকা, ঢাকা। | সভাপতি নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৩। | জনাব মোহাম্মদ আলী, উপমহাব্যবস্থাপক প্রত্যবেক্ষনওনিরীক্ষা বিভাগ- ১,বিকেবি,প্রকা, ঢাকা। | সদস্য নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৪। | মোঃ সালাহউদ্দিন রাজীব, উপমহাব্যবস্থাপক আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৫। | মোঃ নুরুদ্দিন সরওয়ার, সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৬। | জনাব সুজন চক্রবর্তী, মুখ্য কর্মকর্তা আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৭। | জনাব মোস্তাফিজুর রহমান, মুখ্য কর্মকর্তা প্রত্যবেক্ষনও নিরীক্ষা বিভাগ- ২,বিকেবি,প্রকা,ঢাকা। | সদস্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৮। | কে এম হাসানুজ্জামান, কর্মকর্তা প্রত্যবেক্ষনও নিরীক্ষা বিভাগ- ১,বিকেবি,প্রকা,ঢাকা। | সদস্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৯। | জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম, মুখ্য কর্মকর্তা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য সচিব অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম, মনিটরিং ও পরিপালন ইউনিট |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ১১-০৯-২০১৮ তারিখে ৩০ তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম এর সদস্য সচিব জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম, মুখ্য কর্মকর্তা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। বিগত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয় এবং বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বিবিধ আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক ২৯-০৭-২০১৮ তারিখে ঢাকা মুখ্যঅঞ্চলাধিন উত্তরা শাখা পরিদর্শন করা হয়। পরিদর্শন রিপোর্ট ০৭/১০/২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে।অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিমের সভাপতি জনাব তরুন কুমার কুণ্ডু, সহকারী মহাব্যবস্থাপক পি আর এল এ গমন করায় অত্র বিভাগের উপমহাব্যবস্থাপক অথবা উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা কে সভাপতি করা যাবে কিনা সে ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমতি নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

খ) আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক ৩০/০৮/২০১৮তারিখের ১৭০ নং পত্রের মাধ্যমে প্রেরিত ২৫ টি শাখার মধ্যে যে ৮ টি শাখায় ৪১ প্রদেয় খাতে ও ১৩১ আদায়যোগ্য খাতে অধিক পরিমাণ টাকা অসমন্বিত রয়েছে।উক্ত শাখা গুলোকে ব্রেক আপসহ দীর্ঘ দিনের অসমন্বয়ের কারন জানানোর এবং দ্রুত সমন্বয়ের জন্য ২৩/০৯/২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়, ২০/১০/২০১৮ তারিখে তাগিদ পত্র ১ এবং ১১/১১/২০১৮ তারিখে তাগিদ পত্র ২ প্রেরণ করা হয়। উল্লেখিত শাখা সমূহের মধ্যে বিকেবি সোনারগাঁও শাখা ২৫/১০/২০১৮ তারিখের ৫০৪ নং পত্রের মাধ্যমে ৩১/১২/২০১৮ তারিখ পর্যন্ত সময় প্রদানের জন্য অণুরোধ করেছেন এবং বিকেবি জাগীর শাখা বিগত ১৫/১০/২০১৮ তারিখের ৫৪৫ নং পত্রের মাধ্যমে মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগকে জানিয়েছেন , ৪১ প্রদেয় খাতে ২৫,৫৫৩/- টাকা সমন্বয় করা হয়েছে বাকী ৫৭,৩৬৫/৩২ টাকা দ্রুত সমন্বয় করা হবে এবং ১৩১ আদায়যোগ্য খাতে ৩৪,৯৬,০০/- টাকা সমন্বয় করা হয়েছে বাকী ৫০,১১,৬৯৫/৫৩ দ্রুত সমন্বয় করা হবে বলে । শ্রীনগর শাখা, মুনশিগঞ্জ ২৪/১০/২০১৮ তারিখের ৮৪১(১) নং পত্রের মাধ্যমে জানিয়েছেন শাখা ৩১/১০/২০১৬ তারিখে লাইভ এ যাওয়ার সময় উক্ত টাকা অসমন্বিত থেকে যায়।আন্তরিক ভাবে অসমন্বিত টাকা গুলো সমন্বয় করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে ।হাইমচর শাখা ১৩/১১/২০১৮ তারিখের ২৬২ নং পত্রের মাধ্যমে জানিয়েছেন ৪১ প্রদেয় খাতে ১২৬৪২৪৬৪/২০ টাকা সমন্বয় করা হয়েছে অবশিষ্ট ৪২৬২১৪/- টাকা সমন্বয় করার চেষ্টা অব্যাহত রয়েছে এবং ১৩১ আদায়যোগ্য খাতে ১৭৫৯৪২৬৫/২৬ টাকা সমন্বয় হয়েছে বাকী ২৮৪৫৫/৯৯ টাকা সমন্বয় করার চেষ্টা অব্যাহত রয়েছে । এছাড়া লবনচরা শাখা , উত্তরা শাখা, কমলগঞ্জ শাখা , বরলেখা শাখা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্রের কোন জবাব প্রদান করেন নাই। এ ব্যপারে আইসিটি বিভাগ হতে প্রাপ্ত শাখা সমূহের ৪১ প্রদেয় খাতে ও ১৩১ আদায়যোগ্য খাতের অসমন্বিত বিবরণী কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ ও মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকদের পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ/কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ )

গ) ১১/০৯/১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার "জ" সিদ্ধান্ত **শাখায় কর্মরত কর্মকর্তা গন ইউজার পাসওয়ার্ড পরস্পর শেয়ার করে এবং কম্পিউটার অপারেটর প্রয়োজনীয় কাজে বাইরে গেলে / কম্পিউটার হতে দূরে গেলে কম্পিউটার লগ আউট না করেই চলে যান** এ বিষয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ২৬৬ তারিখ ২৩/০৯/১৮ এর মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দলের সকল সদস্যদের কে পত্র প্রেরণ করে অবহিত করা হয় ।আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ ১১/১০/২০১৮ তারিখে ৪৮০ নং পত্রের মাধ্যমে সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক ব্যবস্থাপক,আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপকদের উদ্দেশ্যে ব্যাংকিং খাতে ক্রমবর্ধমান সাইবার ঝুঁকি মোকাবেলায় অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে পত্র জারী করে।
(কার্যকরণঃ।আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ )

ঘ) ১১/০৯/১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার "জ" সিদ্ধান্ত জানিয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ২৬২(০৩) তারিখ ২৩/০৯/১৮ এর মাধ্যমে হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ১ ও ২ কে পত্র প্রেরণ করা হয় ।হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ১ এর পত্র নং ২৬০৭(৭) তারিখ ২৫/১০/২০১৮ অনুযায়ী দুই জন মুখ্য কর্মকর্তা জনাব নুরজাহান আমীন ও জনাব মোঃ মামুনুর রশিদ কে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে পদায়ন করা হয়। হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ২ থেকে পত্রের কোন জবাব অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করা হয় নাই। এ বিষয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ২ এ পুনরায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট ২)

ঙ) পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪ তম এবং ২১/০৬/২০১৮ তারিখের ১৫ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী শাখা ব্যবস্থাপক নিজেই নিজের শাখা পরিদর্শন করে প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবেন। এই সিদ্ধান্তটি ১১/০৯/২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "চ" সিদ্ধান্ত অনুযায়ী সকল মহাব্যবস্থাপকদের ২৩/০৯/২০১৮ তারিখের ২৬৮(১৪) নং পত্রের মাধ্যমে জানানো হয়। আগস্ট/২০১৮ মাসে ৪০ টি অঞ্চলের, সেপ্টেম্বর/ ২০১৮ মাসে ৩৭ টি অঞ্চল এবং অক্টোবর/ ২০১৮ মাসে ২৯ টি অঞ্চলের প্রতিবেদন পাওয়া যায় । আগস্ট/২০১৮ মাসের অবশিষ্ট ১৩ টি অঞ্চলের,সেপ্টেম্বর/ ২০১৮ মাসের ১৬ টি অঞ্চলের এবং অক্টোবর/ ২০১৮ মাসের অবশিষ্ট ২৪ টি অঞ্চলের প্রতিবেদন না পাওয়ায় মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর ০৭/১১/২০১৮ তারিখে ৪২৫(৭) নং পত্র ০৮/১১/২০১৮ তারিখে ৪২৭(৬) নং পত্র এবং ১২/১১/২০১৮ তারিখে ৪৩৮(৬) নং পত্র প্রেরণ করা হয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য ১০/০৪/২০১৮ তারিখের ১০২৮(১২০০)

নং পত্রের নির্দেশনা অনুযায়ী সকল অঞ্চল থেকে প্রতিবেদন জুন মাস হতে পাওয়া যাচ্ছে।স্থানীয় মুখ্য কার্যালয় সহ ৫ টি কর্পোরেট শাখা, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক কে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
( কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

চ) প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ২ এর পত্র নং ৩৯৬ তারিখ ২৯-০৮-২০১৮ মোতাবেক প্রেরিত আলোচ্য সূচীতে উল্লেখ করা হয় - বাংলাদেশ কৃষি ব্যাংক এর বিভিন্ন শাখায় ভাউচার হারানোর ঘটনা ঘটে থাকে, কিন্তু হারানো ভাউচার পূর্ণগঠন করার বিষয়ে ব্যাংকের কোন নীতিমালা নেই । এমতাবস্থায়, হারানো ভাউচার পূর্ণগঠন করার নীতিমালা তৈরির উদ্যোগ নেয়া যেতে পারে । ১১/০৯/১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার ভাউচার পূর্ণগঠন করার নীতিমালা সংক্রান্ত বিষয়ে একটি কার্যপত্র ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।সভার "ছ" সিদ্ধান্ত জানিয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ২৬৪(০১) তারিখ ২৩/০৯/১৮ এর মাধ্যমে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ২ কে পত্র প্রেরণ করা হয়। প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ২ এ সংক্রান্ত বিষয়ে কোন কার্যপত্র সমন্বয় কমিটির সভায় উপস্থাপন না করে ১৪/১১/২০১৮ তারিখের ১০৬১ নং পত্রের মাধ্যমে জানিয়েছে যে, বিষয়টি শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর সংশ্লিষ্ট বিধায়, পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উক্ত বিভাগে যোগাযোগ / পত্রালাপ করার কথা বলেছেন। শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)

ছ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে ত্রৈমাসিক অপারেশন প্রতিবেদন গুলো পর্যালোচনা না করেই অত্র বিভাগে প্রেরণ করে থাকে। উক্ত প্রতিবেদনে দেখা যায় যে, অধিকাংশ শাখার প্রতিবেদনে তারিখ উল্লেখ নাই । বেশীরভাগ অনুচ্ছেদই পূরণ করা হয় না । পরবর্তীতে উক্ত প্রতিবেদন যাচাই এর জন্য আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করা হলে আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগন সকল শাখার জন্য একই ধরনের ছকে প্রতিবেদন প্রেরণ করে এবং বেশীর ভাগ শাখায় একই ধরনের ভুল করে থাকে বলে মন্তব্য পেশ করে যা সঠিক নয়। ।ত্রৈমাসিক অপারেশন রিপোর্ট যথাযথ ভাবে এবং সবগুলো অনুচ্ছেদ (২৪টি) পূরণ পূর্বক মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করার জন্য ১১/০৯/১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার সিদ্ধান্ত গৃহীত হয় যা জানিয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ২৬৭(৫৮) তারিখ ২৩/০৯/১৮ এর মাধ্যমে সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকদের পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন অঞ্চল হতে অদ্যবধী জবাব অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে পাওয়া যায় নাই যা অনাকাঙ্ক্ষিত এবং দুঃখজনক । পুনরায় সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকদের পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

জ) অধিকাংশ শাখায়ই ঠিকমত ই- মেইল ওপেন করে না। টেলিফোনে যোগাযোগ করেও সঠিক সময়ে প্রতিবেদন না পাওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর নথি উপস্থাপনে বিলম্ব হয় । যা কাজের গতিকে স্থবির করে দেয়। ১১/০৯/১৮ তারিখে অনুষ্ঠিত ৩০ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার "ট" সিদ্ধান্ত জানিয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের পত্র নং ২৬৩(১) তারিখ ২৩/০৯/১৮ এর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সিস্টেম ও কার্ড বিভাগ কে পত্র প্রেরণ করা হলে আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ ১১/১০/২০১৮ তারিখে ৪৮০ নং পত্রের মাধ্যমে সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক ব্যবস্থাপক,আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপকদের উদ্দেশ্যে ব্যাংকিং খাতে ক্রমবর্ধমান সাইবার ঝুঁকি মোকাবেলায় অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে পত্র জারী করে।তথাপি শাখাসমুহ যথা সময়ে এবং নিয়মিত ভাবে ই মেইল ওপেন করে না সে কারনে সকল শাখার জন্য একটি সাধারণ নির্দেশনা (ঠিকমত ই- মেইল ওপেন) করার বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সিস্টেম ও কার্ড বিভাগ)

ঝ) বাংলাদেশ কৃষি ব্যাংক এর মোট জনবল ৯২৪১ জন (সুত্রঃ এইচ আর এম ডি - ১, ৩০/১০/২০১৮ তারিখ পর্যন্ত) কিন্তু কেন্দ্রীয় হিসাব বিভাগ ২ থেকে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় যে, পি এফ হিসাব সচল আছে ২৩৩০৯ টি ।এত ব্যাপক সংখ্যক হিসাব কিভাবে সচল থাকে বিষয়টি উদ্বেগ জনক এবং অস্বাভাবিকও বটে । এ বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ ২কে সঠিক অবস্থার চিত্র জানানোর জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃকেন্দ্রীয় হিসাব বিভাগ ২)

ঞ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিমের সদস্য জনাব মোঃ দুলাল মিয়া , সহকারী মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বিভাগ ( বাণিজ্য) হতে স্থানীয় মুখ্য কার্যালয়ে বদলী হয়েছেন । সুতরাং আন্তর্জাতিক বিভাগ ( বাণিজ্য) হতে একজন মুখ্য/ উর্ধ্বতন মুখ্য

কর্মকর্তা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দলে অন্তর্ভুক্ত করার বিষয়ে আন্তর্জাতিক বিভাগ ( বাণিজ্য) কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ আন্তর্জাতিক বিভাগ ( বাণিজ্য))

ট) বিকেবি ক্রেডিট বিভাগ - ১ কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ২২/২০১৮ তারিখ ০১/১০/২০১৮ এর মাধ্যমে ২.০০(দুই) কোটি টাকার উর্ধে নতুন ঋণ মঞ্জুরি এবং বর্ধিত নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে প্রস্তাব ক্রেডিট কমিটিতে উপস্থাপনের পূর্বে ব্যাংকের Head of internal control & complince কর্তৃক Borrower identification,CRG & CIB সহ সার্বিক বিষয়ে মতামত গ্রহণ করতে হবে। উক্ত মতামতের বিষয়টি ঋণ নথি প্রক্রিয়া করন সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ এ পর্যন্ত ( ১৫/১১/২০১৮ তারিখ পর্যন্ত) ৫ টি ঋণের নথি প্রাপ্ত হয়েছেন। যার মধ্যে ০৩ টি ক্রেডিট বিভাগ- ১ হতে ও ০২ টি আইডি ট্রেড বিভাগ হতে । ঋণ সংক্রান্ত মতামত প্রদান করে ক্রেডিট বিভাগ - ১ এর ০৩ টি এবং আই ডি ট্রেড বিভাগে ০২ টি নথি পাঠানো হয়েছে।

০৩।সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/১১/২০১৮
(ননী গোপাল দত্ত)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

নং/প্রকা/অনিবিঃপ্রশা- ৪৪/২০১৮- ২০১৯/৫০১ তারিখঃ২৮- ১১- ২০১৮খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা ।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১/ প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২ (সভাপতি, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট, আইসিসি)/ আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা / মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল সদস্য, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন টিম(আইসিটি), অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৮. নথি/মহানথি

২৮/১১/২০১৮
(লুৎফুন নাহার নাজ )
উপ -মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ
এবং
সভাপতি
মনিটরিং ও পরিপালন ইউনিট
বিকেবি, প্রকা, ঢাকা।